ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৭১

বিলোনীয়া, ২৮ আগস্ট, ২০২৫

**বিলোনীয়ায় মৎস্যচাষীদের নিয়ে সচেতনতামূলক অনুষ্ঠান**

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনার আওতায় মৎস্য দপ্তরের চলতি অর্থবছরের বার্ষিক কর্ম পরিকল্পনার অঙ্গ হিসেবে সম্প্রতি ভারত চন্দ্রনগর ব্লকের কনফারেন্স হলে সংশ্লিষ্ট ব্লকের ১১০ জন মাছচাষীকে নিয়ে একদিনের সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে তাদের বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে আধুনিক মৎস্য চাষের বিভিন্ন দিক ও দপ্তরের বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা সম্পর্কে বিস্তারিত ভাবে অবগত করানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, ভারত চন্দ্রনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস, মৎস্য দপ্তরের উপঅধিকর্তা টিকেন্দ্রজিৎ জমাতিয়া এবং অন্যান্য আধিকারিকগণ। অনুষ্ঠানে তিন জন মাছচাষীকে বরফের বাক্স দেওয়া হয়। প্রতিক্ষেত্রে ব্যয় হয় চার হাজার টাকা করে। দশ জন মাছচাষীকে কনিজাল দেওয়া হয়। প্রতিক্ষেত্রে ব্যয় হয় ২৫০০ টাকা করে। তাছাড়া ১১০ জন মাছচাষীর পুকুরের জলের গুনগত মান পরীক্ষা করা হয়। পাশাপাশি গত বছর বন্যায় ক্ষতিগ্রস্ত ১১০ জন মাছচাষীকে এনডিআরএফ এবং এসডিআরএফ থেকে প্রাপ্ত অর্থ মাথাপিছু ২৮০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

*****